

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯০

ধর্মনগর, ১২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

উত্তর ত্রিপুরা জেলায় রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সভা

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের নির্বাচন উত্তর ত্রিপুরা জেলায় সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন। এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, মিডিয়া মনিটরিং ও সার্টিফিকেশন কমিটির নোডাল অফিসার দিলীপ কুমার দেববর্মা প্রমুখ। সভায় বিজেপি ও সিপিআই(এম) দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় জেলা নির্বাচন আধিকারিক নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, স্ট্রং রুম থেকে কোন কোন ভোট কেন্দ্রের দূরত্ব বেশি হওয়ার কারণে জেলায় বাড়তি ৬টি স্ট্রং রুম করার অনুমোদন দেওয়া হয়েছে। যাতে কোন ভোটকেন্দ্রের জন্য নির্ধারিত ইভিএম-এ যান্ত্রিক ত্রুটি দেখা দিলে তা দ্রুততার সাথে সমাধান করা যায়।
